ইত্তেফাক

তারিখ ১৪।১।৮২
পৃষ্ঠা… … …কলাম… … …

২৩ ০৪০

# শিক্ষক আন্দোলনের সমর্থনে রাজনীতিকদের বৈঠক

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির (আজাদ) আহ্বানে গতকাল (বুধবার) অধ্যাপক আবুল কালাম আজাদের বাসভবনে বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দের এক সভায় আগামীকালের (শুক্রবার) বিক্ষোভ দিবসে আন্দোলনের যে কর্মসূচী ঘোষণা করা হইবে, সে সম্পর্কে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হইয়াছে। সভায় টাঙ্গাইল জেলা প্রাথমিক শিক্ষক সমিতির আহ্বায়ক মোঃ আবদুস সালাম চাকলাদারের গ্রেফতারে ক্ষোভ প্রকাশ করিয়া বলা হয় যে, বিক্ষোভ দিবসের প্রাক্কালে গ্রেফতার ও নির্যাতনের মাধ্যমে পরিস্থিতির অবনতি ঘটানোর সকল দায়িত্ব সরকারকেই বহন করিতে হইবে। অবিলম্বে প্রাথমিক শিক্ষকদের উপর নির্যাতন ও হয়রানি বন্ধ না করা হইলে রাজনৈতিক দলগুলি নীরব দর্শকের ভূমিকা পালন করিবে না বলিয়া সভায় সতর্ক করিয়া দেওয়া হয়। সভায় গৃহীত এক প্রস্তাবে আগামী কালের মধ্যে অধ্যাপক আবুল কালাম আজাদের মুক্তিসহ প্রাথমিক শিক্ষকদের তিন দফা দাবী মানিয়া লওয়ার দাবী জানানো হয় বলিয়া এক প্রেস বিজ্ঞপ্তিতে জানান হইয়াছে। সভায় সভাপতিত্ব করেন সমিতির ভারপ্রাপ্ত সভাপতি জনাব মোঃ আলতাফ হোসেন।